গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
ভৌত অবকাঠামো বিভাগ

**বিষয় : সড়কের শ্রেণিবিন্যাস, মালিকানা, দায়দায়িত্ব নির্ধারণ ও সড়ক সংক্রান্ত মতপার্থক্য নিষ্পত্তির লক্ষ্যে গঠিত স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী।**

সড়কের শ্রেণিবিন্যাস, মালিকানা, দায়দায়িত্ব নির্ধারণ ও সড়ক সংক্রান্ত মতপার্থক্য নিষ্পত্তির লক্ষ্যে গঠিত স্ট্যান্ডিং কমিটির সভা পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের সদস্য মিজ্ শামীমা নার্গিস এর সভাপতিত্বে ১৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'এ দ্রষ্টব্য।

০২। **উপস্থাপনাঃ**

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত প্রতিনিধিদের পরিচয় পর্বের শুরুতে স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক উপযুক্ত প্রতিনিধি প্রেরণ না করায় সভাপতি উষ্মা প্রকাশসহ সংশ্লিষ্ট বিভাগ সমূহে এ বিষয়টি অবহিত করে পত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতির আহ্বানে ভৌত অবকাঠামো বিভাগের সড়ক পরিবহণ উইং এর যুগ্মপ্রধান জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)- এর আওতাধীন কিছু সড়কের মালিকানা হস্তান্তর ও গেজেটে প্রকাশ ইত্যাদি বিষয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ ও জনপ্রতিনিধিগণ কর্তৃক ডিও পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। নিয়মানুযায়ী এ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের বিষয়টি সড়কের শ্রেণিবিন্যাস, মালিকানা, দায়দায়িত্ব নির্ধারণ ও সড়ক সংক্রান্ত মতপার্থক্য নিষ্পত্তির লক্ষ্যে গঠিত স্ট্যান্ডিং কমিটির এখতিয়ারভুক্ত। এ কারণে স্ট্যান্ডিং কমিটির সভা আহ্বান করা হয়েছে।

**(ক) এলজিইডি ও এলজিআই এর আওতায় গেজেটভুক্তির জন্য প্রস্তাবিত সড়কসমূহ:**

| ক্রঃ নং | জেলার নাম | এলজিইডি'র যাচাইকৃত সড়কের সংখ্যা | সড়কের দৈর্ঘ্য (কিঃমিঃ) | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ১০৮ | ১৫৮.২০ | সভায় উল্লেখ করা হয় যে, ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, টাঙ্গাইল, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, কুমিল্লা, ফেনী, চট্টগ্রাম, মৌলভীবাজার, যশোর ও কুষ্টিয়া জেলার ২২১৫টি গ্রামীণ সড়কের তালিকা সভায় উপস্থাপন করা হয় (সংলগ্নী-ক)। সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সড়কসমূহকে সংজ্ঞা ও দৈর্ঘ্য বিবেচনায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই)- এর সড়কের তালিকাভুক্তির লক্ষ্যে গেজেট প্রকাশের জন্য সুপারিশ করা হয়। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তাবিত ২২১৫টি গ্রামীণ সড়কের (সংলগ্নী-ক) সংজ্ঞা ও দৈর্ঘ্য বিবেচনায় এলজিইডি ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই)- এর অনুকূলে তালিকাভুক্ত করা হলো যা গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে। |
| ২. | মানিকগঞ্জ | ৭৯ | ১২৪.৯৩৫ | | |
| ৩. | নারায়ণগঞ্জ | ৩০৭ | ২৪৬.৪৯৯ | | |
| ৪. | গাজীপুর | ৪৭৪ | ১০৪৪.৬৮৮ | | |
| ৫. | টাঙ্গাইল | ৩০৯ | ৫৭৬.০৬৪ | | |
| ৬. | নরসিংদী | ২০৬ | ২৫৬.৬৪ | | |
| ৭. | ময়মনসিংহ | ২৩ | ৮২.৭০ | | |
| ৮. | নেত্রকোণা | ২ | ২.০০ | | |
| ৯. | কুমিল্লা | ৪০৯ | ৬৩১.৯৮৯ | | |
| ১০. | ফেনী | ২ | ৪.৮০ | | |
| ১১. | চট্টগ্রাম | ২৫ | ৫৪.৫৫ | | |
| ১২. | মৌলভীবাজার | ২ | ৭.৫০ | | |
| ১৩. | যশোর | ২৬৭ | ৪৪৬.৭৭ | | |
| ১৪. | কুষ্টিয়া | ২ | ৩.০১৫ | | |
| | **মোট** | **২২১৫** | **৩৬৪০.৩৫** | | |

**(খ) এলজিইডি ও এলজিআই এর আওতায় বিদ্যমান আইডিভুক্ত সড়কের দৈর্ঘ্য ও নাম সংশোধনের জন্য প্রস্তাবিত সড়কসমূহ:**

| ক্রঃ নং | জেলার নাম | এলজিইডি'র যাচাইকৃত সড়কের সংখ্যা | সড়কের সংশোধিত দৈর্ঘ্য (কি:মি:) | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | গাজীপুর | ১৯ | ৫১.১৯ | সভায় উল্লেখ করা হয় যে, গাজীপুর, নরসিংদী, কুমিল্লা জেলার বিদ্যমান আইডিভুক্ত ৫২ টি গ্রামীণ সড়কসমূহের (সংলগ্নী-১) দৈর্ঘ্য ও নাম ভুল থাকাতে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। এ পরিপ্রেক্ষিতে উক্ত সড়কসমূহের দৈর্ঘ্য ও নাম সংশোধন করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ অবকাঠামো উন্নয়নের স্বার্থে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তাবিত ৫২ টি গ্রামীণ সড়কের (সংলগ্নী-২) দৈর্ঘ্য ও নাম সংশোধনপূর্বক সড়কের সংজ্ঞা ও দৈর্ঘ্য অনুযায়ী এলজিইডি ও এলজিআই এর অনুকূলে গেজেটে প্রকাশের বিষয়ে একমত পোষণ করা হয়। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তাবিত ৫২ টি গ্রামীণ সড়কের (সংলগ্নী-১) দৈর্ঘ্য ও নাম সংশোধনপূর্বক সড়কের সংজ্ঞা ও দৈর্ঘ্য অনুযায়ী এলজিইডি ও এলজিআই এর অনুকূলে গেজেটে প্রকাশ করা যেতে পারে। |
| ২. | নরসিংদী | ১৬ | ৩৪.৭৪ | | |
| ৩. | কুমিল্লা | ১৭ | ১৬.০৪ | | |

**(গ) সড়কের মালিকানা হস্তান্তর :**

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | কালামপুর-বান্নাখোলা-বান্নল-বিএমপি বাজার-রঘুনাথপুর-পাড়াগ্রাম সড়ক (আইডি নং-৩২৬১৪২০১৪, দৈর্ঘ্য- ১৩.৫০ কি:মি:) | এলজিইডি | সওজ | প্রস্তাবিত সড়কটি কালামপুর বাসস্ট্যান্ড-কাওয়ালীপাড়া- বালিয়া-ওয়ার্সি- মির্জাপুর আঞ্চলিক মহাসড়ক এবং মাওনা-ফুলবাড়িয়া-কালিয়াকৈর-ধামরাই-নবীনগর (ঢুলিভিটা) আঞ্চলিক মহাসড়ক দু'টিকে সংযুক্ত করেছে। বিস্তারিত আলোচনান্তে দু'টি আঞ্চলিক মহাসড়কের সংযোগকারী সড়ক এবং বর্তমান Annual Average Daily Traffic (AADT) বিবেচনায় সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | কালামপুর-বান্নাখোলা-বান্নল-বিএমপি বাজার-রঘুনাথপুর-পাড়াগ্রাম সড়ক (আইডি নং-৩২৬১৪২০১৪, দৈর্ঘ্য- ১৩.৫০ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ২. | | কুশুরা জিসি হতে পাইকপাড়া আরএইচডি ভায়া বান্নাখোলা বাজার রোড (আইডি নং-৩২৬১৪২০২৫) দৈর্ঘ্য-৮.৭৫ কি:মি: | এলজিইডি | সওজ | এলজিইডি'র প্রতিনিধি জানান যে, সড়কটি জিওবি খাতে মেরামতের আওতায় কাজ চলমান আছে। এ ক্ষেত্রে সড়কটি সওজ এর নিকট হস্তান্তর করা সমীচীন হবে না। এছাড়া কানেক্টিভিটি বিবেচনায়ও সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটি'র মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | কুশুরা জিসি হতে পাইকপাড়া আরএইচডি ভায়া বান্নাখোলা বাজার রোড (আইডি নং-৩২৬১৪২০২৫, দৈর্ঘ্য-৮.৭৫ কি:মি:) এর মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৩. | | শ্রিরামপুর বাজার হতে সানোড়া ইউপি অফিস (আইডি নং-৩২৬১৪৩০১৩) দৈর্ঘ্য- ৪.২০ কি:মি: | এলজিইডি | সওজ | এলজিইডি'র প্রতিনিধি জানান যে, সড়কটি মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত প্রকল্পের মাধ্যমে অতি সম্প্রতি বাস্তবায়ন করা হয়েছে। সড়কটির বর্তমান অবস্থা ভালো আছে। এছাড়া, কানেক্টিভিটি বিবেচনায় সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটি'র মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | শ্রিরামপুর বাজার হতে সানোড়া ইউপি অফিস সড়ক (আইডি নং-৩২৬১৪৩০১৩, দৈর্ঘ্য- ৪.২০ কি:মি:) এর মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ৪. | | ধামরাই- কালামপুর লিংক সড়ক (আইডি নং-৩২৬১৪২০১৭, দৈর্ঘ্য- ৬.৫০কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটির জমির মালিকানা সওজ অধিদপ্তরের হলেও সড়কটি এলজিইডি'র মালিকানায় রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে। সড়কটি মাওনা-ফুলবাড়িয়া-কালিয়াকৈর- ধামরাই- নবীনগর (ঢুলিভিটা) আঞ্চলিক মহাসড়ক (আর-৫০৩) এর ৫০তম কিঃমিঃ এ ঢাকা জেলার আওতাধীন ধামরাই উপজেলার সীমা হলের মোড় হতে শুরু হয়ে কালামপুর বাসষ্ট্যান্ড- কাওয়ালীপাড়া- বালিয়া-ওয়ার্সি-মির্জাপুর জেলা মহাসড়ক (জেড-৫০৬২) এর ২য় কিঃমিঃ এ ঢাকা জেলার আওতাধীন ধামরাই উপজেলার কালামপুর বাজারে মিলিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের সংযোগকারী সড়ক বিবেচনায় সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ধামরাই- কালামপুর লিংক সড়ক (আইডি নং-৩২৬১৪২০১৭, দৈর্ঘ্য- ৬.৫০কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ৫. | ময়মনসিংহ | ভালুকা (সীডস্টোর)-সখিপুর সড়ক (আইডি নং ৩৬১১৩২০০৭, দৈর্ঘ্য- ১৩.৭৫ কি:মি:) | এলজিইডি | সওজ | এলজিইডি'র প্রতিনিধি জানান যে, সড়কটিতে RTIP-II প্রকল্পের আওতায় পুনর্বাসন কাজ চলমান আছে। এ ক্ষেত্রে সড়কটি সওজ এর নিকট হস্তান্তর করা সমীচীন হবে না। এছাড়া কানেক্টিভিটি বিবেচনায়ও সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটি'র মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | ভালুকা (সীডস্টোর)-সখিপুর সড়ক (আইডি নং ৩৬১১৩২০০৭, দৈর্ঘ্য- ১৩.৭৫ কি:মি:) এর মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৬. | নরসিংদী | ডাঙ্গা হতে কাঞ্চন ব্রীজ সংযোগ সড়ক (আইডি নং-৩৬৭৬৮২০০৪ ও ৩৬৮৬৩২০০৯) দৈর্ঘ্য- ১১.৮৪ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়কটি এলজিইডি'র দু'টি সড়কের সমন্বয়ে গঠিত এবং দু'টি জাতীয় মহাসড়ককে সংযোগ করেছে। বিস্তারিত আলোচনান্তে কানেক্টিভিটি ও বর্তমান AADT বিবেচনায় সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ডাঙ্গা হতে কাঞ্চন ব্রীজ সংযোগ সড়ক (আইডি নং-৩৬৭৬৮২০০৪ ও ৩৬৮৬৩২০০৯, মোট দৈর্ঘ্য- ১১.৮৪ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো |
| ৭. | | ঘোড়াশাল সারকারখানা হতে বালিয়া মোড় পর্যন্ত সড়ক (আইডি নং-৩৬৮৬৩২০১০, দৈর্ঘ্য- ৪.৩০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটি উন্নয়নের প্রস্তাব এলজিইডি'র আওতায় বাস্তবায়নাধীন ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ উপজেলা ও ইউনিয়ন সড়ক প্রশস্তকরণ ও শক্তিশালীকরণ প্রকল্পে অন্তর্ভুক্ত আছে এবং এর প্রাক্কলনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটি'র মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কটির (আইডি নং ৩৬৮৬৩২০১০) মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৮. | | বাটপাড়া জিসি কান্দাইল আরএইচডি ভায়া পাচদোনা এবং আমদিয়া ইউনিয়ন অফিস সড়ক (আইডি নং-৩৬৮০০২০০৫, দৈর্ঘ্য- ১৪.০৬ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, ঢাকা-সিলেট জাতীয় মহাসড়কটি ৬-লেনে উন্নীতকরণের জন্য প্রকল্প চলমান আছে। প্রস্তাবিত সড়কটি সওজ এর নিকট হস্তান্তর করা হলে তা ঢাকা-সিলেট জাতীয় মহাসড়কের দৈর্ঘ্য হ্রাস পাবে এবং ঢাকা-সিলেট ৬-লেন মহাসড়ক নির্মাণের ব্যয়ও অনেকাংশে হ্রাস পাবে। বিস্তারিত আলোচনান্তে জাতীয় গুরুত্ব বিবেচনায় প্রস্তাবিত সড়কের বাটপাড়া জিসি কান্দাইল আরএইচডি হতে আমদিয়া ইউনিয়ন অফিস সড়ক পর্যন্ত (দৈর্ঘ্য ১০.০০ কি:মি:) সড়কের মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | প্রস্তাবিত সড়কের বাটপাড়া জিসি কান্দাইল আরএইচডি হতে আমদিয়া ইউনিয়ন অফিস পর্যন্ত (আইডি নং-৩৬৮০০২০০৫, দৈর্ঘ্য ১০.০০ কি:মি:) সড়কের মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জাতীয় মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ৯. | | শ্রীরামপুর-বাঁশগাড়ী সড়ক (আইডি নং-৩৬৮৬৪২০০২) সড়কের দৈর্ঘ্য- ১০.৮১ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় বাস্তবায়নাধীন RIIP-II এবং RTIP-2 এর মাধ্যমে চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কগুলোর (আইডি নং-৩৬৮৬৪২০০২, ৩৬৮৬৪২০২৯, ৩৬৮৬৪২০০৬) মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ১০. | | বাঁশগাড়ী-শিবপুর উপজেলা সড়ক (আইডি নং-৩৬৮৬৪২০২৯) সড়কের দৈর্ঘ্য- ৩.২৫ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ১১. | | শ্রীরামপুর জিসি –নারায়নপুর জিসি সড়ক ভায়া সাপমারা ও নীলকুটি (আইডি নং-৩৬৮৬৪২০০৬)সড়কের দৈর্ঘ্য- ১৪.০৬ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ১২. | টাঙ্গাইল | দেওহাটা (মির্জাপুর)-যাদবপুর (ধানতারা)-পারাগ্রাম (ধামরাই) সড়ক (আইডি নং ৩৯৩৬৬২০০৫) সড়কের দৈর্ঘ্য- ১৮.০০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত এলাইনমেন্টটি টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন ঢাকা টাঙ্গাইল ন্যাশনাল হাইওয়ে থেকে শুরু হয়ে ঢাকা জেলার ধামরাই উপজেলার সাথে সংযোগ স্থাপন করেছে। সড়কটি এলজিইডি'র ৩টি প্রকল্পের মাধ্যমে উন্নয়ন করা হয়েছে। বর্তমানে সড়কটি উন্নয়নের লক্ষ্যে IRID প্রকল্পে অন্তর্ভুক্ত আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কটির (আইডি নং-৩৯৩৬৬২০০৫) মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ১৩. | নোয়াখালী | বসুরহাট জিসি থেকে ছোট ফেনী নদীর ঘাট সড়ক ভায়া মৌলভীবাজার সড়ক (আইডি নং-৪৭৫২১২০০৪, দৈর্ঘ্য- ৭.১৫ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় বাস্তবায়নাধীন FDDRIRP এর মাধ্যমে চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কগুলোর (আইডি নং-৪৭৫২১২০০৪, ৪৭৫৯০৩০০১) মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ১৪. | | নরোত্তমপুর ইউপি (কালামিয়ার গোল) থেকে ভুঁইয়ারহাট (ওটারহাট বাজার) সংযোগ সড়কটি (আইডি নং-৪৭৫৯০৩০০১, দৈর্ঘ্য- ৮.৫০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ১৫. | | কবিরহাট উপজেলা থেকে সেনবাগ উপজেলার ছমিরমুন্সিরহাট হয়ে সোনাইমুড়ি উপজেলা (আরএইচডি সড়ক) সংযোগ সড়ক (আইডি নং-৪৭৫৮০২০০১, ৪৭৫৮০২০১০ ও ৪৭৫৯০২০০৭, দৈর্ঘ্য- ২৫.৫০ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়কটি এলজিইডি'র ৩ টি সড়কের সমন্বয়ে গঠিত এবং কবিরহাট ও সোনাইমুড়ি উপজেলা দু'টির মধ্যে সংক্ষিপ্ত দূরত্বে সংযোগ স্থাপন করেছে। বিস্তারিত আলোচনান্তে দু'টি উপজেলাকে সংযোগকারী সড়ক হিসেবে সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | কবিরহাট উপজেলা থেকে সেনবাগ উপজেলার ছমিরমুন্সিরহাট হয়ে সোনাইমুড়ি উপজেলা (আরএইচডি সড়ক) সংযোগ সড়ক (আইডি নং-৪৭৫৮০২০০১, ৪৭৫৮০২০১০ ও ৪৭৫৯০২০০৭, মোট দৈর্ঘ্য- ২৫.৫০ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ১৬. | | সেনবাগ উপজেলা হতে বেগমগঞ্জ গ্যাসফিল্ড হয়ে সোনাইমুড়ি উপজেলা সংযোগ সড়ক (আইডি নং৪৭৫৮০৪০৮০, ৪৭৫০৭৪১৮৫, ৪৭৫০৭৫৩২৭, ৪৭৫৮৮৫৩৮৫, মোট দৈর্ঘ্য- ১৬.০০ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়কটি এলজিইডি'র ৪ টি সড়কের সমন্বয়ে গঠিত এবং সেনবাগ ও সোনাইমুড়ি উপজেলা দু'টির মধ্যে সংক্ষিপ্ত দূরত্বে সংযোগ স্থাপন করেছে। বিস্তারিত আলোচনান্তে দু'টি উপজেলাকে সংযোগকারী সড়ক হিসেবে সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | সেনবাগ উপজেলা হতে বেগমগঞ্জ গ্যাসফিল্ড হয়ে সোনাইমুড়ি উপজেলা সংযোগ সড়ক (আইডি নং ৪৭৫৮০৪০৮০, ৪৭৫০৭৪১৮৫, ৪৭৫০৭৫৩২৭, ৪৭৫৮৮৫৩৮৫, মোট দৈর্ঘ্য- ১৬.০০ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১৭. | নোয়াখালী | হাতিয়া দ্বীপ উপজেলার জাহাজমারা নিঝুম দ্বীপ-মোক্তারিয়া ঘাট সড়ক (আইডি নং ৪৭৫৩৬৩০০৭, ৪৭৫৩৬৪০২৯, মোট দৈর্ঘ্য- ৯.৫ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় জানানো হয় যে, সড়কটি সওজ'র হাতিয়া (ভুঁইয়ারহাট)-জাহাজমারা সড়ক (জেড-১৪৩৯) এর ৩৩তম কিলোমিটার হতে শুরু হয়ে নিঝুম দ্বীপ মুক্তারিয়াঘাটে সমাপ্ত হয়েছে। সড়কটি নিঝুম দ্বীপ হতে হাতিয়া উপজেলা সদর এর মধ্যে সরাসরি সংযোগ স্থাপনকারী সংক্ষিপ্ততম দূরত্বের সড়ক। বিস্তারিত আলোচনান্তে দ্বীপাঞ্চলের অভ্যন্তরে নিরাপদ সড়ক যোগাযোগ স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত সড়কটির মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | হাতিয়া দ্বীপ উপজেলার জাহাজমারা নিঝুম দ্বীপ-মোক্তারিয়া ঘাট সড়ক (আইডি নং ৪৭৫৩৬৩০০৭, ৪৭৫৩৬৪০২৯, মোট দৈর্ঘ্য- ৯.৫ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ১৮. | নোয়াখালী | আরএইচডি সোনাপুর (বাংলাবাজার)-সুবর্ণচর উপজেলা হেডকোয়ার্টার সড়ক, (আইডি নং ৪৭৫৮৭২০১০, দৈর্ঘ্য- ৫.২০৭ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়ক ৩ টি'র (আইডি নং ৪৭৫৮৭২০১০, ৪৭৫৮৯২০০৬, ৪৭৫৮৭২০০১ মোট দৈর্ঘ্য- ২৯.২১৫ কি:মি:) মাধ্যমে সৃষ্ট একটি এলাইনমেন্টের মাধ্যমে সুবর্ণচর উপজেলা ও নোয়াখালী সদর উপজেলা সংযুক্ত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে দু'টি উপজেলাকে সংযোগকারী সড়ক হিসেবে আলোচ্য সড়ক ৩টি'র মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | আরএইচডি সোনাপুর (বাংলাবাজার)-সুবর্ণচর উপজেলা হেডকোয়ার্টার সড়ক, (আইডি নং ৪৭৫৮৭২০১০, দৈর্ঘ্য- ৫.২০৭ কি:মি:), উপজেলা হেডকোয়ার্টার-হালিমবাজার-আল আমিন বাজার-বাংলাবাজার সড়ক, (আইডি নং ৪৭৫৮৯২০০৬, দৈর্ঘ্য- ৮.১০ কি:মি:) এবং সোনাপুর-থানারহাট-আক্তার মিয়ারহাট সড়ক (আইডি নং ৪৭৫৮৭২০০১, দৈর্ঘ্য- ১৫.৯০৮ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ১৯. | | উপজেলা হেডকোয়ার্টার-হালিমবাজার-আল আমিন বাজার-বাংলাবাজার সড়ক, (আইডি নং ৪৭৫৮৯২০০৬, দৈর্ঘ্য- ৮.১০ কি:মি:) | এলজিইডি | সওজ | | |
| ২০. | | সোনাপুর-থানারহাট-আক্তার মিয়ারহাট সড়ক, (আইডি নং ৪৭৫৮৭২০০১, দৈর্ঘ্য- ১৫.৯০৮ কি:মি:) | এলজিইডি | সওজ | | |
| ২১. | নোয়াখালী | আরএইচডি (দত্তের হাট) ওদারহাট-করমুল্লাহ-হানিফ সড়ক সড়কের দৈর্ঘ্য- ২৫.১০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় GOBM, IRIDP-3, FDDRIRP এর মাধ্যমে চলমান আছে। এছাড়া সড়কগুলোর হস্তান্তরের বিষয়ে নোয়াখালী জেলা প্রশাসক কার্যালয় হতে পরিকল্পনা কমিশনে প্রস্তাব করা হলেও সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ হতে আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়া যায়নি। বিস্তারিত আলোচনান্তে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়কগুলো পর্যালোচনা করে মালিকানা হস্তান্তরের প্রস্তাব প্রেরণ করতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ প্রস্তাবিত সড়কগুলো (ক্রমিক নং-২১ হতে ৩৩) পর্যালোচনাপূর্বক মালিকানা হস্তান্তরের বিষয়ে প্রস্তাব প্রেরণ করতে পারে। |
| ২২. | | করমুল্লাহ-আন্ডারচর-ফজুমিয়ারহাট সড়ক সড়কের দৈর্ঘ্য- ১০.৩০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৩. | | আরএইচডি (কালিতারা)-করমুল্লাহ সড়ক, সড়কের দৈর্ঘ্য- ১০.১০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৪. | | ভবানীগঞ্জ ডিবি সড়ক, সড়কের দৈর্ঘ্য- ৭.৯৫ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৫. | | সোনারপুর-থানারহাট জিসি-আক্তার মিয়ারহাট জিসি সড়ক; সড়কের দৈর্ঘ্য- ১৫.৪৭৬ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৬. | | সোনাপুর-আব্দুল্লাহ মিয়ারহাট-কালামুলি-শাহজিরহাট সড়ক সড়কের দৈর্ঘ্য- ৪.৮৫২ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৭. | | ওদারহাট-শফিগঞ্জ-চৌধুরীহাট-বাংলাবাজার-শান্তিরহাট-করমুল্লাহ বাজার সড়ক, সড়কের দৈর্ঘ্য- ২৪.৯২ কি:মি: | এলজিইডি | সওজ | | |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ২৮. | | মাইজদী-ওটারহাট-ভূঞারহাট সড়ক (পুরাতন হাসপাতাল সড়ক); সড়কের দৈর্ঘ্য- ৭.৪০৯ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ২৯. | | কবিরহাট-শাহজিরহাট-চাপরাশিরহাট-জনতাবাজার-চরমন্ডলিয়া সড়ক সড়কের দৈর্ঘ্য- ৬.৫০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৩০. | | আরএইচডি-তেতুলতলা-কালামুন্সিবাজার-জগদানন্দ-চিরিঙ্গাবাজার-হানারহাট জিসি সড়ক, সড়কের দৈর্ঘ্য- ১৫.৩২ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৩১. | | আরএইচডি (পাতাইল্লা পোল)-করমবক্স-মুন্সিরহাট-জমিদারহাট সড়ক সড়কের দৈর্ঘ্য- ৪.৭৫ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৩২. | | জমিদারহাট (বড় পোল)-করমবক্স বাজার ভায়া পুরানবিবিবাজার-পাক মুন্সিরহাট সড়ক, সড়কের দৈর্ঘ্য- ৮.৮৮ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৩৩. | | বুহিতিয়া (সলিমুদ্দিন সড়ক)-পুরানবিবি ভায়া কালামিয়া ব্রীজ সড়ক সড়কের দৈর্ঘ্য- ৮.০০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৩৪. | ফেনী | মহিপাল থেকে সার্কিট হাউজ সড়ক সড়কের দৈর্ঘ্য- ১.৬৭ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, মহিপাল থেকে সার্কিট হাউজ সড়কটির দৈর্ঘ্য মোট ১.৬৭ কি:মি: এবং এটি ফেনী পৌরসভার মধ্যে অবস্থিত। সড়কটির প্রয়োজনীয় সংস্কারসহ প্রশস্ত করা হলে এটি ফেনী-নোয়াখালী জাতীয় মহাসড়কের যানজটপূর্ণ ও ব্যস্ততম মহিপাল বাসষ্ট্যান্ডের বাইপাস হিসেবে ব্যবহৃত হবে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটি সওজ এর নিকট হস্তান্তরের বিষয়ে সভায় ঐকমত্য হয়। | মহিপাল থেকে সার্কিট হাউজ সড়ক (দৈর্ঘ্য- ১.৬৭ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জেলা মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ৩৫. | কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়া | কুমিল্লা (কুমিল্লা হাইস্কুল)-চাঁনপুর ব্রীজ-ফকির বাজার-শশীদল-সালদা নদী-কসবা-সয়দা সড়ক (আইডি নং ৪১৯৬৭২০০২, ৪১৯১৮২০০৩,৪১৯১৫২০০৪, ৪১২৬৩২০০১, মোট দৈর্ঘ্য- ৪৬.৬৭ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত এলাইনমেন্টটি কুমিল্লা জেলার ৩টি এবং ব্রাহ্মণবাড়ীয়া উপজেলার ১টি উপজেলা সড়ক সমন্বয়ে গঠিত। সড়কটিতে সওজ অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমি আছে। উক্ত এলাইনমেন্টটি সওজ অধিদপ্তরের নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করা হলে কুমিল্লা ও সিলেটের মধ্যে দূরত্ব হ্রাস পাবে। বিস্তারিত আলোচনান্তে জাতীয় মহাসড়কের কানেক্টিভিটি বিবেচনায় প্রস্তাবিত কুমিল্লা (কুমিল্লা হাইস্কুল)-চাঁনপুর ব্রীজ-ফকির বাজার-শশীদল-সালদা নদী-কসবা-সয়দা সড়কটির (আইডি নং ৪১৯৬৭২০০২, ৪১৯১৮২০০৩,৪১৯১৫২০০৪, ৪১২৬৩২০০১, মোট দৈর্ঘ্য- ৪৬.৬৭ কি.মি.) মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | কুমিল্লা (কুমিল্লা হাইস্কুল)-চাঁনপুর ব্রীজ-ফকির বাজার-শশীদল-সালদা নদী-কসবা-সয়দা সড়কটির (আইডি নং ৪১৯৬৭২০০২, ৪১৯১৮২০০৩,৪১৯১৫২০০৪, ৪১২৬৩২০০১, মোট দৈর্ঘ্য- ৪৬.৬৭ কি.মি.) মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট জাতীয় মহাসড়ক হিসেবে হস্তান্তর করা হলো। |
| ৩৬. | মৌলভীবাজার | কমলগঞ্জ হোডকোয়ার্টার-মুন্সিবাজার জিসি সড়ক (আইডি নং-৬৫৮৫৬২০০৫) সড়কের দৈর্ঘ্য- ৭.০০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় RTIP-2, IRIDP এর মাধ্যমে চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৩৭. | | মুন্সিবাজার-মীরতিঙ্গা-ভৈরববাজার আরএইচডি সড়ক; (আইডি নং-৬৫৮৫৬২০০৭ ও ৬৫৮৮৩২০০৯); সড়কের দৈর্ঘ্য- ৬.৯২ ও ৪.১০ কি:মি: | | | | |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ৩৮. | গাইবান্ধা | সুন্দরগঞ্জ (ধর্মপুর বাজার)-পাঁচপীর-চিলমারী সড়ক দৈর্ঘ্য=১৭.০০কিমি. (আইডি নং ১৩২৯১২০০৭) সড়কের দৈর্ঘ্য- ১৭.০০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা হস্তান্তরের বিষয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ হতে আনুষ্ঠানিক প্রস্তাব প্রেরণ করা হয়নি। বিস্তারিত আলোচনান্তে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়কগুলো পর্যালোচনা করে মালিকানা হস্তান্তরের প্রস্তাব প্রেরণ করতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়কগুলো পর্যালোচনা করে মালিকানা হস্তান্তরের প্রস্তাব প্রেরণ করবে। |
| ৩৯. | | সাঘাটা-মহিমাগঞ্জ-গোবিন্দগঞ্জ সড়ক সড়ক আইডি-১৩২৮৮২০০৮, ১৩২৩০২০১৪, ১৩২৩০২০০১ মোট দৈর্ঘ্য=২০.৯৫ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৪০. | | গোবিন্দগঞ্জ-মহিমাগঞ্জ-সোনাতলা সড়ক সড়ক আইডি-১৩২৩০২০০৮ দৈর্ঘ্য=৮.৫০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৪১. | পঞ্চগড় | আটোয়ারী-বোদা সড়ক (আইডি নং ১৭৭০৪২০০১ ) সড়কের দৈর্ঘ্য- ১৫.৫০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটি পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাকে বোদা উপজেলার সাথে সংক্ষিপ্ততম দূরত্বে সংযুক্ত করেছে। দু'টি উপজেলাকে সংক্ষিপ্ততম দূরত্বে সংযোগকারী সড়ক হিসেবে আলোচ্য সড়কটি সংজ্ঞা অনুযায়ী সওজ এর সড়কের আওতায় পরে। তবে সড়কটিতে বর্তমানে এলজিইডি'র আওতায় IRIDP এর মাধ্যমে উন্নয়ন কাজ চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটিতে এলজিইডি'র উন্নয়ন কাজ সমাপ্তির পর মালিকানা হস্তান্তরের বিষয়ে পুনরায় প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | প্রস্তাবিত সড়কটিতে এলজিইডি'র উন্নয়ন কাজ সমাপ্তির পর মালিকানা হস্তান্তরের বিষয়ে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। |
| ৪২. | দিনাজপুর | রানীরবন্দর-চিরিরবন্দর সড়ক (আইডি নং ১২৭৩০২০০২) সড়কের দৈর্ঘ্য-১৪.৬০কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটির উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় IRIDP এর মাধ্যমে চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৪৩. | নীলফামারী | ঝাড়বাড়ি (বীরগঞ্জ-জয়গঞ্জ-ভবানীগঞ্জ-নীলফামারী (পুলিশ লাইন)-বদিয়ারবোড়-পাঁচমাথা-পঞ্চপুকুর-কিশোরগঞ্জ (ছাদুরার পুল) সড়ক (আইডি নং ১২৭১২২০০১,১২৭১২৪০৮৪,১২৭৬০৪০০৯,১২৭৬০২০০৩, ১৭৩৬৪২০০১,১৭৩৬৪২০০৪, ১৭৩৬৪২০১০,১৭৩৪৫২০০৮, মোট দৈর্ঘ্য- ২৯.৮০ কি:মি:) | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত এলাইনমেন্টটি দিনাজপুর জেলার বীরগঞ্জ ও খানসামা এবং নীলফামারী জেলার সদর ও কিশোরগঞ্জ উপজেলার ৮ টি ছোট ছোট সড়কের সমন্বয়ে গঠিত। উক্ত এলাইনমেন্টটি সওজ অধিদপ্তরের নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করা হলে সড়কটি ঠাকুরগাঁও ও নীলফামারী জেলার মধ্যে shortest connectivity তৈরি করবে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত ঝাড়বাড়ি (বীরগঞ্জ-জয়গঞ্জ-ভবানীগঞ্জ-নীলফামারী (পুলিশ লাইন)-বদিয়ারবোড়-পাঁচমাথা-পঞ্চপুকুর-কিশোরগঞ্জ (ছাদুরার পুল) সড়ক (আইডি নং ১২৭১২২০০১, ১২৭১২৪০৮৪, ১২৭৬০৪০০৯, ১২৭৬০২০০৩, ১৭৩৬৪২০০১, ১৭৩৬৪২০০৪, ১৭৩৬৪২০১০, ১৭৩৪৫২০০৮; মোট দৈর্ঘ্য- ২৯.৮০ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | ঝাড়বাড়ি (বীরগঞ্জ-জয়গঞ্জ-ভবানীগঞ্জ-নীলফামারী (পুলিশ লাইন)-বদিয়ারবোড়-পাঁচমাথা-পঞ্চপুকুর-কিশোরগঞ্জ (ছাদুরার পুল) সড়ক (আইডি নং ১২৭১২২০০১, ১২৭১২৪০৮৪, ১২৭৬০৪০০৯,১২৭৬০২০০৩, ১৭৩৬৪২০০১, ১৭৩৬৪২০০৪, ১৭৩৬৪২০১০, ১৭৩৪৫২০০৮, মোট দৈর্ঘ্য- ২৯.৮০ কি:মি:) এর মালিকানা এলজিইডি হতে সওজ এর নিকট হস্তান্তর করা হলো। |
| ৪৪. | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও (বড় খোচাবাড়ী)-বেগুনবাড়ী-বকুলতলা সড়ক (আইডি নং ১৯৪৮২২০০৬, ১৯৪৮২২০০৫) সড়কের দৈর্ঘ্য- ১৪.৫০ কি:মি: | এলজিইডি | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর উন্নয়ন কাজ এলজিইডি'র আওতায় GOBM, RCIP, IRIDP এর মাধ্যমে চলমান আছে। বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কগুলোর মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম ও দৈর্ঘ্য | বর্তমান মালিকানা | প্রস্তাবিত মালিকানা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ৪৫. | | বালিয়াডাঙ্গা-লাহিড়ী-আটোয়ারী সড়ক (আইডি নং ১৯৪০৮২০০১, ১৯৪০৮২০০৭) সড়কের দৈর্ঘ্য- ২৫.৯০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৪৬. | | পীরগঞ্জ-বোচাগঞ্জ সড়ক (আইডি নং ১৯৪৯৪২০০৬, ১২৭২১২০০৭); সড়কের দৈর্ঘ্য- ১২.০০ কি:মি: | এলজিইডি | সওজ | | |
| ৪৭. | বাগেরহাট | ফকিরহাট (দিয়াবাড়ী)-মাদ্রাসাঘাট-মোল্লাহাট (বোয়ালিয়া) জেলা মহাসড়ক (জেড-৮৪০৯) সড়কের দৈর্ঘ্য- ২৪.৪৭ কি:মি: | সওজ | সওজ | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটি সওজ অধিদপ্তরের আওতাধীন হলেও তা সওজ অধিদপ্তরের রোড ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হয়নি; যা ডাটাবেজে অন্তর্ভুক্তির লক্ষ্যে গেজেট প্রকাশ করা প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে আলোচ্য সড়কটি সওজ অধিদপ্তরের আওতায় জেলা মহাসড়ক সড়ক হিসেবে গেজেটে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | ফকিরহাট (দিয়াবাড়ী)-মাদ্রাসাঘাট-মোল্লাহাট (বোয়ালিয়া) জেলা মহাসড়ক টি (জেড-৮৪০৯, দৈর্ঘ্য- ২৪.৪৭ কি:মি:) সওজ অধিদপ্তরের আওতায় জেলা মহাসড়ক সড়ক হিসেবে গেজেটে অন্তর্ভুক্ত করতে হবে। |

## ০৪। সড়ক পুন:শ্রেণিবিন্যাসকরণ :

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম | বর্তমান মালিকানা ও শ্রেণি | প্রস্তাবিত মালিকানা ও শ্রেণি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | কালামপুর বাসষ্ট্যান্ড-কাওয়ালিপাড়া-বালিয়া-ওয়ার্শি-মির্জাপুর জেলা সড়ক ও ধামরাই-কালামপুর লিংক (এলজিইডি'র অন্তর্ভুক্ত) এবং কাওলিপাড়া-সাটুরিয়া লিংক সড়ক | সওজ ও এলজিইডি, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর মধ্যে কালামপুর বাসষ্ট্যান্ড-কাওয়ালিপাড়া-বালিয়া-ওয়ার্শি-মির্জাপুর জেলা সড়কটি ঢাকা-আরিচা জাতীয় মহাসড়কের ৩৩তম কিঃমিঃ এ ঢাকা জেলার ধামরাই উপজেলার কালামপুর বাসষ্ট্যান্ড হতে শুরু হয়ে কালামপুর বাজার, কাওয়ালীপাড়া, বালিয়া হয়ে টাংগাইল জেলার মির্জাপুর উপজেলায় এন-৪ জাতীয় মহাসড়কে মিলিত হয়েছে। অন্য দু'টি সড়ক দু'টি জেলা অথবা ২ টি জাতীয় মহাসড়ককে যুক্ত করেনি। বিস্তারিত আলোচনান্তে ২টি জাতীয় মহাসড়ককে সংযোগ প্রদানকারী সড়ক হিসেবে কালামপুর বাসষ্ট্যান্ড-কাওয়ালিপাড়া-বালিয়া-ওয়ার্শি-মির্জাপুর জেলা মহাসড়কটি আঞ্চলিক মহাসড়কের শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | কালামপুর বাসষ্ট্যান্ড-কাওয়ালিপাড়া-বালিয়া-ওয়ার্শি-মির্জাপুর জেলা মহাসড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়কের শ্রেণিতে উন্নীত করা হলো। |
| ২. | | বেইথা মোড়-আন্ধারমানিক-বানিয়াজুড়ি (মুন্নু মোড়) সড়ক | এলজিইডি সড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় জানানো হয় যে, প্রস্তাবিত সড়কটি এলজিইডি'র আওতাধীন একটি উপজেলা সড়ক। এ পরিপ্রেক্ষিতে সড়কটি আঞ্চলিক মহাসড়কে উন্নীতকরণের কোন সুযোগ নেই। বিস্তারিত আলোচনান্তে সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল রাখার বিষয়ে সভায় ঐকমত্য হয়। | প্রস্তাবিত সড়কটির মালিকানা এলজিইডি'র নিকট বহাল থাকবে। |
| ৩. | দোহাজারী | শিকলবাহা (ওয়াই জংশন)-আনোয়ারা জেলা মহাসড়ক (কর্ণফুলী ট্যানেল সংযোগ সড়ক) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, জাতীয় মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটি কর্ণফুলী টানেলের সাথে জাতীয় মহাসড়কের সংযোগ স্থাপন করবে। জাতীয় গুরুত্ব বিবেচনায় সড়কটি সওজ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য হয়। | শিকলবাহা (ওয়াই জংশন)-আনোয়ারা জেলা মহাসড়কটি (কর্ণফুলী ট্যানেল সংযোগ সড়ক) সওজ অধিদপ্তরের জাতীয় মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম | বর্তমান মালিকানা ও শ্রেণি | প্রস্তাবিত মালিকানা ও শ্রেণি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ৪. | গাইবান্ধা | (ক) গাইবান্ধা-সুন্দরগঞ্জ-কদমতলী সড়ক<br><br>(খ) রংপুর-সাহেবগঞ্জ-মাহিগঞ্জ-পীরগাছা (জেড-৫০১০) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কগুলোর শ্রেণি পরিবর্তনের বিষয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ হতে আনুষ্ঠানিক প্রস্তাব প্রেরণ করা হয়নি। বিস্তারিত আলোচনান্তে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়কগুলো পর্যালোচনা করে শ্রেণি পরিবর্তনের প্রস্তাব প্রেরণ করতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। | সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ কর্তৃক সড়কগুলো পর্যালোচনা করে শ্রেণি পরিবর্তনের প্রস্তাব প্রেরণ করতে হবে। |
| ৫. | | পলাশবাড়ী-ঘোড়াঘাট সড়ক (জেড-৫৮৫২) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | | |
| ৬. | | গাইবান্ধা-সাদুল্যাপুর-মাদারগঞ্জ-পীরগঞ্জ সড়ক (জেড-৫৫৫৩ এবং ৫০৭৫) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | | |
| ৭. | | গাইবান্ধা-ফুলছড়ি-সাঘাটা-বারকোনা-সোনাতলা সড়ক (জেড-৫৫৫২ এবং ৫০৩৭) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | | |
| ৮. | | গাইবান্ধা-কুড়িগ্রাম সড়ক | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | | |
| ৯. | | জয়পুরহাট-রাজাবিরাট-গোবিন্দগঞ্জ সড়ক (জেড-৫৮৫৫) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | | |
| ১০ | দিনাজপুর | রংপুর-বদরগঞ্জ-পার্বতীপুর-দিনাজপুর সড়ক (জেড-৫০২৫) | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, দিনাজপুর জেলা হতে জাতীয় মহাসড়ক এন-০৫ হয়ে বিভাগীয় শহর রংপুরের সড়ক দূরত্ব ৮৫.০০ কিলোমিটার। তবে রংপুর-বদরগঞ্জ-পার্বতীপুর-দিনাজপুর সড়ক হয়ে দূরত্ব ৬৬.০০ কিলোমিটার। অর্থাৎ আলোচ্য সড়কটি জেলা সদর দপ্তর হতে বিভাগীয় শহর পর্যন্ত সংযোগকারী সংক্ষিপ্ততম সড়ক। বিস্তারিত আলোচনান্তে জেলা সদর দপ্তর হতে বিভাগীয় সদর দপ্তর পর্যন্ত সংযোগকারী সংক্ষিপ্ততম সড়ক হিসেবে প্রস্তাবিত সড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য হয়। | রংপুর-বদরগঞ্জ-পার্বতীপুর-দিনাজপুর সড়কটি (জেড-৫০২৫) সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা হলো |
| ১১ | নওগাঁ | নওগাঁ শহর বাইপাস সড়ক (এন-৫১৬) | সওজ, জাতীয় মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, নওগাঁ শহর বাইপাস সড়কটি সংজ্ঞা অনুযায়ী আঞ্চলিক মহাসড়ক হলেও তা জাতীয় মহাসড়ক শ্রেণিতে অন্তর্ভুক্ত আছে। বিস্তারিত আলোচনান্তে সড়কটি জাতীয় মহাসড়কের পরিবর্তে সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য হয়। | নওগাঁ শহর বাইপাস সড়কটি (এন-৫১৬) জাতীয় মহাসড়কের পরিবর্তে সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হলো। |
| ১২ | | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-সাপাহার-রহনপুর-সোনা মসজিদ সড়কাংশ | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সওজ, জাতীয় মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়ক দু'টি আঞ্চলিক মহাসড়ক ( আর ৫৪৫ ও আর ৫৪৭) এবং একটি জেলা মহাসড়ক (জেড ৬৮০২) এর সমন্বয়ে জাতীয় মহাসড়ক শ্রেণিতে উন্নীতকরণের প্রস্তাব করা হয়েছে। উল্লেখ্য, সড়কটি বগুরা-নাটোর (এন ৫০২) জাতীয় মহাসড়ক হতে শুরু হয়ে কানসাট-রহনপুর (জেড ৬৮০২) জেলা মহাসড়কে যুক্ত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে সড়কের সংজ্ঞা অনুযায়ী প্রস্তাবিত সড়কটি জাতীয় মহাসড়ক শ্রেণিতে উন্নীত না করে বিদ্যমান শ্রেণিতে অন্তর্ভুক্ত থাকাই যৌক্তিক মর্মে সভায় ঐকমত্য হয়। | বগুড়া-নওগাঁ-মহাদেবপুর-পত্নীতলা-সাপাহার-রহনপুর-সোনা মসজিদ সড়কাংশ জাতীয় মহাসড়ক শ্রেণিতে উন্নীত না করে বিদ্যমান শ্রেণিতে বহাল রাখা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | সড়কের নাম | বর্তমান মালিকানা ও শ্রেণি | প্রস্তাবিত মালিকানা ও শ্রেণি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | নরসিংদী | পলাশ-ঘোড়াশাল (জেড-২০৩৯) সড়ক | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, বর্ণিত সড়কটি ঘোড়াশাল নদী বন্দর এর সাথে সংযোগকারী সড়ক। বিস্তারিত আলোচনান্তে বন্দর এর সংযোগকারী সড়ক হিসেবে প্রস্তাবিত সড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য হয়। | পলাশ-ঘোড়াশাল (জেড-২০৩৯) সড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা হলো। |
| ১৪. | | পাচদোনা (আসমানদীর চল)-চরসিন্দুর (দুলালপুর) (জেড-২০৪৫) সড়ক | সওজ, জেলা মহাসড়ক | সওজ, আঞ্চলিক মহাসড়ক | সভায় উল্লেখ করা হয় যে, প্রস্তাবিত সড়কটি টঙ্গী-কালীগঞ্জ-ঘোড়াশাল (আর-৩০১) আঞ্চলিক মহাসড়ক ও জয়দেবপুর-গাজীপুর-আজমাতপুর-ইটাখোলা (আর-৩১০) আঞ্চলিক মহাসড়ক সংযোগকারী সড়ক। বিস্তারিত আলোচনান্তে দু'টি আঞ্চলিক মহাসড়কের সংযোগ সড়ক হিসেবে প্রস্তাবিত সড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে মর্মে সভায় ঐকমত্য হয়। | পাচদোনা (আসমানদীর চল)-চরসিন্দুর (দুলালপুর) (জেড-২০৪৫) সড়কটি সওজ অধিদপ্তরের আঞ্চলিক মহাসড়ক শ্রেণিতে উন্নীত করা হলো। |

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

২৫/০৬/২০২০

(শামীমা নার্গিস)
সদস্য
ভৌত অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন